ঢাকা বোর্ড ২০১৫

বাংলা দ্বিতীয় পত্র

রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা পূর্ণমান — ৫০ বিষয় কোড: ১ ০ ২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. যে কোনো একটি অনুচ্ছেদ লিখ: ৫

(ক) বাংলা নববর্ষ;

(খ) পরিবেশ দূষণ।

২. (ক) শিক্ষা সফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র লিখ। ৫

অথবা, (খ) তোমার এলাকার কোনো রাস্তা সংস্কারের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একখানা পত্র লিখ।

৩. (ক) সারাংশ লিখ: ১০

মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। বস্তুত চরিত্র বলেই মানুষের জীবনে যা-কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, সে শুধু চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হবার দরকার নেই। জগতে যে-সকল মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের গৌরব মূলে এই চরিত্র শক্তি। তুমি চরিত্রবান লোক। এ কথার অর্থ এই নয় যে, তুমি শুধু লম্পট নও, তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ কর, তুমি পরদুঃখকাতর, ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতাপ্রিয়। চরিত্রবান মানে এই।

http://teachingbd.com

অথবা, (খ) সারমর্ম লিখ:

তরুতলে বসে পান্থ শ্রান্তি করে দূর,
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর।
বিদায়ের কালে হাতে ডাল ভেঙে লয়,
তবু তবু অকাতর কিছু নাহি কয়।
দুর্লভ মানবজন্ম পেয়েছ যখন,
তরুর আদর্শ কর জীবনে গ্রহণ।
পরার্থে আপন সুখ দিয়ে বিসর্জন,
তুমিও হও গো ধন্য তরুর মতোন।

৪. যে কোনো **একটি** ভাব-সম্প্রসারণ কর: ১০

(ক) আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য।

(খ) দুর্নীতি জাতীয় জীবনের সকল উন্নতির অন্তরায়।

৫. (ক) তোমার বিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের ওপর একটি প্রতিবেদন তৈরি কর। ১০

অথবা, (খ) 'খাদ্যে ভেজালের কারণ ও প্রতিকার' শিরোনামে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

৬. যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) শ্রমের মর্যাদা;

(খ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ ও প্রতিকার;

(গ) কর্মমুখি শিক্ষা।

Teachingbd.com

# ঢাকা বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা　　বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোনটি উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হয়?**
ক) উপমান কর্মধারয়
খ) মধ্যপদলোপী কর্মধারয়
গ) রূপক কর্মধারয়
ঘ) উপমিত কর্মধারয়

**২. উপসর্গের কাজ কী?**
ক) যতি সংস্থাপন
খ) বর্ণ সংস্করণ
গ) নতুন শব্দ গঠন
ঘ) ভাবের পার্থক্য নিরূপণ

**৩. বিশেষ্য, বিশেষণ ও অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে কী বলে?**
ক) সাধিত ধাতু　খ) বিদেশি ধাতু
গ) মৌলিক ধাতু　ঘ) নাম ধাতু

**৪. কৃৎ প্রত্যয় সাধিত পদকে কী বলে?**
ক) ক্রিয়া প্রকৃতি　খ) কৃদন্ত পদ
গ) প্রকৃতি　ঘ) ক্রিয়া পদ

**৫. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?**
ক) প্রাতিপদিক　খ) বিদেশি
গ) সাধিত　ঘ) যৌগিক

**৬. অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায়?**
ক) দুই　খ) তিন
গ) পাঁচ　ঘ) ছয়

**৭. কোন বাক্যে অব্যয় বিশেষণ-এর ব্যবহার আছে?**
ক) ধীরে ধীরে বায়ু বয়
খ) রকেট অতি দ্রুত চলে
গ) সামান্য একটু দুধ দাও
ঘ) ধিক তাকে শত ধিক নির্লজ্জ যে জন

**৮. 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।'— বাক্যটিতে ব্যবহৃত হয়েছে—**
ক) যৌগিক ক্রিয়া　খ) নাম ধাতুর ক্রিয়া
গ) প্রযোজক ক্রিয়া　ঘ) মিশ্র ক্রিয়া

**৯. 'এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি।'— কোন কাল?**
ক) সাধারণ অতীত　খ) ঘটমান অতীত
গ) পুরাঘটিত অতীত　ঘ) ঘটমান বর্তমান

**১০. সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের বর্তমান কালের অনুজ্ঞায় কোন ক্রিয়া বিভক্তি যুক্ত হয়?**
ক) উন, ন　খ) বেন, এন
গ) ইও, ইবে　ঘ) অ, ও

**১১. 'কাটিতে কাটিতে ধান এল বরষা'— এই বাক্যের অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক) সমকাল　খ) নিরন্তরতা
গ) সূচনা　ঘ) সমাপ্তি

**১২. ভাষার মূল উপাদান কী?**
ক) ধ্বনি　খ) অক্ষর
গ) বর্ণ　ঘ) শব্দ

**১৩. আঞ্চলিক ভাষার অপর নাম কি?**
ক) সাধু ভাষা　খ) চলিত ভাষা
গ) উপ ভাষা　ঘ) কথ্য ভাষা

**১৪. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক) ফারসি　খ) আরবি
গ) তুর্কি　ঘ) পর্তুগিজ

**১৫. বাংলা ব্যাকরণে প্রধান আলোচ্য বিষয় কয়টি?**
ক) দুটি　খ) তিনটি
গ) চারটি　ঘ) পাঁচটি

**১৬. বাক্যতত্ত্বের অপর নাম কী?**
ক) রূপতত্ত্ব　খ) শব্দতত্ত্ব
গ) ধ্বনি তত্ত্ব　ঘ) পদক্রম

**১৭. বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা—**
ক) পঁচিশটি　খ) ত্রিশটি
গ) পঁয়ত্রিশটি　ঘ) চল্লিশটি

**১৮. শ, ষ, স— এ তিনটি বর্ণকে বলে—**
ক) স্পর্শ বর্ণ　খ) শিস বর্ণ
গ) উষ্ম বর্ণ　ঘ) পার্শ্বিক বর্ণ

**১৯. দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?**
ক) সমীভবন　খ) বিষমী ভবন
গ) স্বর সংগিত　ঘ) সমীকরণ

Teachingbd.com

http://teachingbd.com

২০. 'ঋ', 'র', 'ষ' এর পরে কী হয়?
ক ন  খ ণ্ণ
গ ণ্য  ঘ ণ

২১. সংস্কৃত 'সাৎ' প্রত্যয়যুক্ত পদে—
ক 'ষ' হয়  খ 'ণ' হয়
গ 'ণ' হয় না  ঘ 'ষ' হয় না

২২. 'ধাতুর গণ' বলতে বোঝায়, ধাতুর—
ক লেখার ধরন  খ বানানের ধরন
গ উচ্চারণের ধরন  ঘ বিন্যাসের ধরন

২৩. 'বাবা বাড়ি নেই'— নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তি?
ক কর্মে শূন্য  খ কর্তায় শূন্য
গ অধিকরণে শূন্য  ঘ অপাদানে ২য়া

২৪. কোন বাক্যে ব্যতিহার কর্তা রয়েছে?
ক মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন
খ তোমাকে পড়তে হবে
গ রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে
ঘ বাঘে-মহিষে একঘাটে জল খায়

২৫. 'বিনে স্বদেশী ভাষা মিটে কি আশা?'— এই বাক্যে 'বিনে' অনুসর্গটি কোন অর্থ প্রকাশ করেছে?
ক ব্যতিরেকে  খ সঙ্গে
গ প্রয়োজনে  ঘ নিমিত্তে

২৬. 'শবদাহ' স্থলে 'শবপোড়া' ব্যবহার করলে ভাষা কোন দোষে দুষ্ট হয়?
ক বাহুল্য দোষে  খ দুর্বোধ্যতা দোষে
গ উপমার ভুল প্রয়োগ  ঘ গুরুচণ্ডালী দোষে

২৭. 'কোনোভাবেই যা নিবারণ করা যায় না'— এক কথায় কী হবে?
ক দুর্ণিবার  খ অনিবার্য
গ দুর্দমনীয়  ঘ অদম্য

২৮. শব্দের আভিধানিক অর্থকে কী বলে?
ক লক্ষ্যার্থ  খ বাচ্যার্থ
গ আসত্তি  ঘ যোগ্যতা

২৯. 'মণিকাঞ্চন যোগ'— এর সমার্থক বাগধারা কোনটি?
ক সোনায় সোহাগা  খ দহরম-মহরম
গ শিরে সংক্রান্তি  ঘ কেতাদুরস্ত

৩০. 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ—
ক অর্ণব  খ অম্বু
গ অবনী  ঘ অরণী

৩১. যৌগিক ও মিশ্র বাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বুঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ক লোপ চিহ্ন  খ উদ্ধরণ চিহ্ন
গ কমা  ঘ ড্যাশ

৩২. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ক পুনরায়  খ একাদশ
গ পরিষ্কার  ঘ মনোহর

৩৩. কোনটি বিশেষ নিয়মে সাধিত সন্ধি?
ক সংস্কৃত  খ তৎসম
গ তস্কর  ঘ পরস্পর

৩৪. 'চিক চিক করে বালি কোথা নাই কাদা'— এখানে দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?
ক বিশেষ্যের বিশেষণ
খ অব্যয়ের বিশেষণ
গ বিশেষণের বিশেষণ
ঘ ক্রিয়া বিশেষণ

৩৫. 'গীতিকা' শব্দটি কোন অর্থে স্ত্রী লিঙ্গ?
ক সমার্থে  খ বৃহদার্থে
গ ক্ষুদ্রার্থে  ঘ বিপরীতার্থে

৩৬. কোনটি পূরণ বাচক সংখ্যা?
ক নবম  খ দোসরা
গ কুড়ি  ঘ দশ

৩৭. 'বচন' ব্যাকরণের কী জাতীয় শব্দ?
ক তৎসম  খ পারিভাষিক
গ অর্ধ-তৎসম  ঘ বিদেশি

৩৮. কোন বহুবচন বাচক প্রত্যয়টি কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?
ক ফুল  খ দাম
গ বৃন্দ  ঘ গুচ্ছ

৩৯. কোন পদাশ্রিত নির্দেশকটি নির্দিষ্টতা ও অনির্দিষ্টতা উভয়ই বুঝায়?
ক কেতা  খ গাছি
গ গুলিন  ঘ টো

৪০. দ্বিগু সমাস নিষ্পন্ন পদটি কোন পদ হয়?
ক বিশেষ্য  খ কৃদন্ত
গ বিশেষণ  ঘ সর্বনাম

Teachingbd.com

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ |
| | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক |